গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
চাহিদাভিত্তিক সরকারি প্রাথমিক বিদ্যালয় উন্নয়ন প্রকল্প (১ম পর্যায়)
প্রাথমিক শিক্ষা অধিদপ্তর
মিরপুর-২, ঢাকা-১২১৬

নং- চাসপ্রাবিউ-১/প্রশা-০৪/২৭৪৮

তারিখ ঃ ১১ আষাঢ় ১৪৩০
২৬ জুন ২০২৩

বিষয় ঃ ২০/০৬/২০২৩খ্রিঃ তারিখে অনুষ্ঠিত "চাহিদাভিত্তিক সরকারি প্রাথমিক বিদ্যালয় উন্নয়ন প্রকল্পের (১ম পর্যায়)" প্রকল্প বাস্তবায়ন কমিটির (PIC) ১৫তম সভার কার্যবিবরণী।

২০/০৬/২০২৩ তারিখ সকাল ১০.৩০ ঘটিকায় "চাহিদাভিত্তিক সরকারি প্রাথমিক বিদ্যালয় উন্নয়ন প্রকল্পের (১ম পর্যায়)" প্রকল্প বাস্তবায়ন কমিটির (PIC) ১৫তম সভা অনুষ্ঠিত হয়। সভার কার্যবিবরণী পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য এতদ্‌সঙ্গে প্রেরণ করা হলো।

সংযুক্ত ঃ ...... পাতা।

২৬/৬/২০২৩

মোহাম্মদ আলমগীর খন্দকার
উপ সচিব
প্রকল্প পরিচালক (অতিঃ দায়িত্ব)
ফোন ঃ ৫৫০৭৪৯৩২
e-mail : nbidgps1@gmail.com

বিতরন (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) ঃ

১। সিনিয়র সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। সদস্য, আর্থ-সামাজিক অবকাঠামো বিভাগ, পরিকল্পনা কমিশন, শেরে বাংলা নগর, ঢাকা।
৩। সদস্য, কার্যক্রম ডিভিশন, পরিকল্পনা কমিশন, শেরে বাংলা নগর, ঢাকা।
৪। সচিব, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ, পরিকল্পনা কমিশন, শেরে বাংলা নগর, ঢাকা।
৫। মহাপরিচালক (গ্রেড-১), প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, মিরপুর-২, ঢাকা-১২১৬।
৬। প্রধান প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল অধিদর, আগারগাঁও, ঢাকা।
৭। প্রধান প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, কাকরাইল, ঢাকা।
(দৃঃআঃ- জনাব মোঃ জহির সোহেল, নির্বাহী প্রকৌশলী)
৮। যুগ্ম-প্রধান, এনইসি-একনেক ও সমন্বয় অনুবিভাগ, পরিকল্পনা কমিশন, ঢাকা।
৯। পরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন), প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, মিরপুর-২, ঢাকা।
১০। উপ-সচিব (উন্নয়ন-১), প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১১। সিনিয়র সহকারী প্রধান (পরিকল্পনা-১), প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১২। সচিব মহোদয়ের একান্ত সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
(সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
১৩। অতিরিক্ত সচিব (উন্নয়ন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
(অতিঃ সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
১৪। অফিস কপি।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
চাহিদাভিত্তিক সরকারি প্রাথমিক বিদ্যালয় উন্নয়ন প্রকল্প (১ম পর্যায়)
প্রাথমিক শিক্ষা অধিদপ্তর
মিরপুর-২, ঢাকা-১২১৬

**"চাহিদাভিত্তিক সরকারি প্রাথমিক বিদ্যালয় উন্নয়ন প্রকল্পের (১ম পর্যায়)"-এর ২০/০৬/২০২৩ তারিখে অনুষ্ঠিত 'প্রকল্প বাস্তবায়ন কমিটি'র (PIC) ১৫তম সভার কার্যবিবরণী।**

২০/০৬/২০২৩ তারিখ সকাল ১০.৩০ ঘটিকায় 'চাহিদাভিত্তিক সরকারি প্রাথমিক বিদ্যালয় উন্নয়ন প্রকল্প (১ম পর্যায়)- শীর্ষক প্রকল্পের 'প্রকল্প বাস্তবায়ন কমিটি'র (PIC) ১৫তম সভা হোপ কনফারেন্স কক্ষে প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের মহাপরিচালক এর সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। সভায় উপস্থিত সদস্যবৃন্দের তালিকা পরিশিষ্ট-'ক' তে দেওয়া হলো।

সভার প্রারম্ভে সভাপতি মহোদয় উপস্থিত ও Online এ সংযুক্ত সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতি মহোদয়ের অনুমতিক্রমে প্রকল্প পরিচালক মহোদয় গত সভার সিদ্ধান্তসমূহ জানান এবং তা দৃঢ় করণের সিদ্ধান্ত গৃহীত হয়। প্রকল্প পরিচালক মহোদয় LGED প্রতিনিধি'র কাছে এ প্রকল্পের আওতায় নির্মিত/নির্মাণাধীন প্রতিটি ভবনের টপো সার্ভে, মাটি পরীক্ষা, অনুমোদিত লে-আউট প্লান, প্রশাসনিক অনুমোদন, মাস্টার প্লান, ডিজাইন, প্রাক্কলনসহ প্রয়োজনীয় কাগজপত্রের কপি একটি ডোসিয়ার সংরক্ষণের নিমিত্তে উপজেলা শিক্ষা অফিসে ১ সেট এবং প্রধান শিক্ষকের নিকট ১ সেট হস্তান্তর করার বিষয়ে কি ব্যবস্থা নেওয়া হয়েছে জানতে চান। LGED প্রতিনিধি জানান প্রয়োজনীয় কাগজপত্র সংশ্লিষ্ট স্কুলে এবং উপজেলা অফিসে পাঠানোর জন্য প্রতিটি উপজেলা প্রকৌশলীকে চিঠি দেয়া হবে। প্রকল্প পরিচালক মহোদয় LGED প্রতিনিধি'র কাছে অঙ্গভিত্তিক খরচের পূর্ণাঙ্গ হিসাবের বিষয়ে জানতে চাইলে LGED প্রতিনিধি জানান যে, ইতোমধ্যে তথ্য প্রেরণ করা হয়েছে। প্রকল্প পরিচালক মহোদয় LGED প্রতিনিধি'র কাছে পেন্ডিং অডিটের জবাব বিশেষ করে ২০১৯-২০২০ অর্থ বছরের ৬টি non SFI এর জবাব প্রেরণের বিষয়ে জানতে চান। LGED প্রতিনিধি বলেন জবাব দ্রুতই প্রেরণ করা হবে। সভাপতি বলেন সকল পেন্ডিং অডিটের জবাব আগামী ১৫/০৭/২০২৩ তারিখের মধ্যে প্রেরণ করবেন। প্রকল্প পরিচালক মহোদয় LGED প্রতিনিধি'র কাছে অবশিষ্ট ৬১৭৬টি কক্ষের Tender আহ্বানের অবস্থা জানতে চান। LGED প্রতিনিধি বলেন আগামী ৩১/০৭/২০২৩ এর মধ্যেই সকল Tender আহ্বান সম্পন্ন করা হবে। প্রকল্প পরিচালক মহোদয় GIS software এ Data Upload সম্পর্কে জানতে চান। এলজিইডি'র প্রতিনিধি বলেন, মাঠ পর্যায় হতে GIS এর Data সংগ্রহের কাজ চলছে। সভাপতি বলেন আগামী ৩১/০৮/২০২৩ তারিখের মধ্যে GIS software এ সকল Data Upload করে software টি পাইলটিং করতে হবে।

প্রকল্প পরিচালক মহোদয় DPHE প্রতিনিধির কাছে অবশিষ্ট ২৮৬৬টি Wash Block এর Tender আহ্বান সম্পর্কে জানতে চান। DPHE প্রতিনিধি জানান, অনেক গুলো Tender আহ্বান করা হয়েছে কিন্তু Rate জটিলতার কারণে অনেকগুলো Tender বাতিল করা হয়েছে। কোথাও কোথাও জায়গার সমস্যার কারণে ওয়াশব্লক করা সম্ভব হয়নি। তবে তিনি জানান যে, আগামী ৩১/০৭/২০২৩ তারিখের মধ্যে সকল Tender আহ্বান সম্পন্ন করা হবে।

প্রকল্প পরিচালক মহোদয় আর্থিক অগ্রগতির হিসাব সভায় উপস্থাপন করেন ঃ

RADP অনুযায়ী আর্থিক ও বাস্তব অগ্রগতির হিসাবঃ (২০২২-২৩ অর্থ বছর)

(লক্ষ টাকায়)

| কম্পোনেন্ট | RADP বরাদ্দ | অর্থ ছাড় | এন্ট্রি (iBAS++ অনুমোদন) | প্রকৃত ব্যয় (iBAS++ অনুযায়ী) | বরাদ্দ অনুযায়ী অগ্রগতি % | মাঠ পর্যায়ে ছাড় করা হয়নি |
|---|---|---|---|---|---|---|
| আসবাবপত্র (প্রকল্প অফিস) ৪১১২৩১৪ | ২০০০০.০০<br>১০০০০.০০<br>(৫০%) | ৯৯৭০.৩০ | ৯৯৭০.৩০ | ৯৯৬৭.৭৪ | ৯৯.৬৮% | ২৯.৭০ |
| শ্রেণিকক্ষ নির্মাণ (এলজিইডি) ৪১১১২০১ | ৪৫৬৬৬.০০ | ৪৫৬৬৬.০০ | ৪৪৮০৮.৫৯ | ২২৯০৪.৩৮ | ৫০.১৫% | ৮৫৭.৪১ |
| ওয়াশব্লক নির্মাণ (ডিপিএইচই) ৪১১১৩০৭ | ১৩৮০০.০০ | ১১২৫০.০০ | ৮৭৯৩.২৮ | ৭৫৬১.৯৮ | ৫৪.৭৯% | ৫০০৬.৭২ |
| ডিপ-টিউবওয়েল স্থাপন (ডিপিএইচই) ৪১১১৩০৮ | ৪৭০০.০০ | ৩৫০০.০০ | ৪৪৮৪.৮৫ | ৩৪৫৭.৩২ | ৭৩.৫৬% | ২১৫.১৫ |
| জিআইএস সফটওয়্যার | ২১৬.০০ | ২১৬.০০ | - | - | - | ২১৬.০০ |
| মোট = প্রকৃত বরাদ্দ | ৭৪৩৫১.৫০ | - | - | ৪৩৯৮১.০৭ | ৫৯.১৫% | |

ক্রমপুঞ্জিত বাস্তব অগ্রগতি হিসাব ঃ (২০২২-২৩ অর্থ বছর)

| কম্পোনেন্ট | RDPP অনুযায়ী লক্ষ্যমাত্রা | দরপত্র আহ্বান | চুক্তি সম্পাদন | ১০০% কাজ সমাপ্ত | কাজ চলমান | প্রক্রিয়াধীন | অগ্রগতি % |
|---|---|---|---|---|---|---|---|
| আসবাবপত্র (প্রকল্প অফিস) ৪১১২৩১৪ | ৩৭৫০০ | ২৮৮০৮ | ১৮৫৩৫ | ১৩৩৪৫ | ৫১৯০ | ১০২৭৩ | ৪৬.৩২% |
| শ্রেণিকক্ষ নির্মাণ (এলজিইডি) ৪১১১২০১ | ৩৭৫০০ | ৩১৩২৪ | ৩০৪৯৭ | ২৭৫০৪ | ২৯৯৩ | - | ৭৩.৩৪% |
| বাউন্ডারী ওয়াল | ৮০০ | ৭২৩ | ৫৩৬ | ১২১ | ৪১৫ | - | ১৫.১২% |
| ওয়াশব্লক নির্মাণ (ডিপিএইচই) ৪১১১৩০৭ | ৮০০০ | ৫১৪৫ | ৫১৪৫ | ৩৫১১ | ১৬৩৪ | - | ৪৩.৮৯% |
| ডিপ-টিউবওয়েল স্থাপন (ডিপিএইচই) ৪১১১৩০৮ | ৮০০০ | ৭০৪৬ | ৭০৪৬ | ৪০২০ | ৩০২৬ | - | ৫০.২৫% |
| জিআইএস সফটওয়্যার ও টপো সার্ভে | ১১০০০ | ৮১০৫ | ৬৯০৩ | ৬৯০৩ | ১২০২ | - | ৬২.৭৫% |
| মোট = | | | | | | | |

প্রকল্প পরিচালক মহোদয় LGED প্রতিনিধি'র কাছে জানতে চান চলতি অর্থ বছরে (২০২২-২৩) কত টাকা খরচ হতে পারে। LGED প্রতিনিধি জানান- আনুমানিক ৩০০ কোটি টাকা খরচ হতে পারে। তিনি আরো জানান যে, অনেক গুলো দরপত্রের চুক্তি বাতিল করা হয়েছে বিধায় ১০০% টাকা খরচ করা সম্ভব হবে না। সভাপতি দরপত্রের কতগুলো চুক্তি বাতিল হয়েছে, কত টাকা জরিমানা করা হয়েছে এবং জরিমানার কত টাকা সরকারি কোষাগারে জমা প্রদান করা হয়েছে তার তথ্য আগামী ১০/০৭/২০২৩ তারিখের মধ্যে প্রকল্প দপ্তরে প্রেরণ করার জন্য বলেন।

প্রকল্প পরিচালক মহোদয় DPHE প্রতিনিধি'র কাছে জানতে চান চলতি অর্থ বছরে (২০২২-২৩) কত টাকা খরচ হবে হবে। DPHE প্রতিনিধি জানান- আনুমানিক ৮১-৮২% টাকা খরচ হবে।

পরিশেষে সভাপতি বলেন APA এর টার্গেট অর্জন এবং আর্থিক অগ্রগতি যেন বেশি হয় সেদিকে সবাইকে গুরুত্ব দিতে হবে।

১.০ **সুপারিশ/ সিদ্ধান্ত ঃ**

সভায় উত্থাপিত বিষয়ে বিস্তারিত আলোচনা শেষে উপস্থিত সকল সদস্যের সর্বসম্মতিক্রমে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়:

১.১ গত সভার সিদ্ধান্তসমূহ দৃঢ় করণ।

১.২ প্রকল্পের আওতায় নির্মিত/নির্মাণাধীন প্রতিটি ভবনের টপো সার্ভে, মাটি পরীক্ষা, প্রশাসনিক অনুমোদন, মাস্টার প্লান, অনুমোদিত লে-আউট প্লান, ডিজাইন, প্রাক্কলনসহ প্রয়োজনীয় কাগজপত্রের কপি একটি ডোসিয়ার সংরক্ষণের নিমিত্তে উপজেলা শিক্ষা অফিসে ১ সেট এবং সংশ্লিষ্ট স্কুলের প্রধান শিক্ষকের নিকট ১ সেট হস্তান্তর করতে হবে।

১.৩ এলজিইডি ও ডিপিএইচই সকল পেন্ডিং অডিট আপত্তির জবাব আগামী ১৫/০৭/২০২৩ তারিখের মধ্যে প্রকল্প অফিসে প্রেরণ করবেন।

১.৪ আগামী ৩১/০৭/২০২৩ এর মধ্যেই অবশিষ্ট ৬১৭৬টি কক্ষের Tender আহ্বান এবং ২৮৬৬টি ওয়াশব্লকের Tender আহ্বান সম্পন্ন করতে হবে।

১.৫ GIS এর সকল তথ্য Software-এ Upload করে আগামী ৩১/০৮/২০২৩ তারিখের মধ্যে পাইলটিং এর কাজ সম্পন্ন করতে হবে।

১.৬ LGED'র এবং DPHE'র কতগুলো চুক্তি বাতিল হয়েছে, কত টাকা জরিমানা করা হয়েছে এবং জরিমানার কত টাকা সরকারি কোষাগারে জমা প্রদান করা হয়েছে তার তথ্য আগামী ১০/০৭/২০২৩ তারিখের মধ্যে প্রকল্প অফিসে প্রেরণ করতে হবে।

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।

২৭/৭/২০২৩

শাহ রেজওয়ান হায়াত
মহাপরিচালক, গ্রেড-১
প্রাথমিক শিক্ষা অধিদপ্তর
ও
সভাপতি
চাহিদাভিত্তিক সরকারি প্রাথমিক বিদ্যালয়
উন্নয়ন প্রকল্প (১ম পর্যায়)
সংক্রান্ত প্রকল্প বাস্তবায়ন কমিটি (PIC)।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
চাহিদাভিত্তিক সরকারি প্রাথমিক বিদ্যালয় উন্নয়ন প্রকল্প (১ম পর্যায়)
প্রাথমিক শিক্ষা অধিদপ্তর
মিরপুর-২, ঢাকা-১২১৬

# ২০/০৬/২০২৩ তারিখে অনুষ্ঠিত প্রকল্প বাস্তবায়ন কমিটি'র (PIC) ১৫ তম সভায় সদস্যবৃন্দের উপস্থিতি

| ক্রমিক | নাম ও পদবি | প্রতিষ্ঠান | যোগাযোগ | স্বাক্ষর |
|---|---|---|---|---|
| ১। | জনাব শাহ রেজওয়ান হায়াত<br>মহাপরিচালক, গ্রেড-১<br>সভাপতি | প্রাথমিক শিক্ষা অধিদপ্তর | ফোন ঃ<br>মোবাইল ঃ<br>ই-মেইল ঃ | |
| ২। | মো: আসাদুজ্জামান<br>উপসচিব | MoPME | ফোন ঃ<br>মোবাইল ঃ<br>ই-মেইল ঃ | [signature] |
| ৩। | মো: মিজানুর রহমান<br>[illegible] | DPE | ফোন ঃ<br>মোবাইল ঃ<br>ই-মেইল ঃ | [signature] |
| ৪। | মোহাম্মদ আলমগীর হোসেন<br>প্রকল্প পরিচালক | [illegible] প্রকল্প | ফোন ঃ<br>মোবাইল ঃ<br>ই-মেইল ঃ | [signature] 20/6/2023 |
| ৫। | মোহা: মাকসালিন<br>নির্বাহী প্রকৌশলী | এলজিইডি | ফোন ঃ<br>মোবাইল ঃ 01715-086363<br>ই-মেইল ঃ maksalin22@yahoo... | [signature] |
| ৬। | মো: [illegible] রহমান [illegible]<br>সি. সহ. প্রকৌ. | [illegible] | ফোন ঃ<br>মোবাইল ঃ [illegible]<br>ই-মেইল ঃ [illegible] | [signature] |
| ৭। | জাহিদ সোহেল<br>নির্বাহী প্রকৌশলী | [illegible] | ফোন ঃ<br>মোবাইল ঃ 01711 022 405<br>ই-মেইল ঃ zahir shohel @gmail.com | [signature] |
| ৮। | মো: হুমায়ুন কবীর<br>সহকারী পরিচালক, GPS প্রকল্প | চাহিদাভিত্তিক স. প্রা. বি. উন্নয়ন প্রকল্প (১ম) | ফোন ঃ<br>মোবাইল ঃ ০১৭১২১২৬৮২০<br>ই-মেইল ঃ | [signature] |
| ৯। | মো: রাশেদুল হাসান<br>সিনিয়র সহকারী প্রকৌশলী | NBIDGPS-1 | ফোন ঃ<br>মোবাইল ঃ ০১৭১০০৫৫০১০<br>ই-মেইল ঃ | [signature] ২০/০৬/২৩ |
| ১০। | | | ফোন ঃ<br>মোবাইল ঃ<br>ই-মেইল ঃ | |
| ১১। | | | ফোন ঃ<br>মোবাইল ঃ<br>ই-মেইল ঃ | |
| ১২। | | | ফোন ঃ<br>মোবাইল ঃ<br>ই-মেইল ঃ | |
| ১৩। | | | ফোন ঃ<br>মোবাইল ঃ<br>ই-মেইল ঃ | |